স্মারক: বিএসি/প্রশাসন/ জা:শু:কৌ:কর্মপরিকল্পনা/

তারিখ : ৩ শ্রাবণ , ১৪৩০ বঙ্গাব্দ
১৮ জুলাই , ২০২৩ খ্রিষ্টাব্দ

**সভার নোটিশ**

২০২৩-২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী কাউন্সিলের নৈতিকতা কমিটির ১ম সভা কাউন্সিলের চেয়ারম্যান ও নৈতিকতা কমিটির সভাপতি প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদের সভাপতিত্বে কাউন্সিলের চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষে আগামী ১৯ জুলাই বিকাল ৩.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সভার আলোচ্যসূচি**

১. ২০২৩-২৪ অর্থ বছরের শুদ্ধাচার সংক্রান্ত অংশিজনদের সমন্বয়ে সভার তারিখ নির্ধারণ।
২. ২০২৩-২৪ অর্থ বছরের APA এর আলোকে ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও কাউন্সিলের ওয়েব সাইটে প্রকাশ।
৩. সরকারি যানবাহন ব্যবহারের ক্ষেত্রে সরকারি নীতিমালা যথাযথ অনুসরণে পদক্ষেপ গ্রহণ ।
৪. সকল কর্মকর্তা ও কর্মচারীদের চার্টার অফ ডিউটি হালনাগাদ করে কাউন্সিলের ওয়েব সাইটে প্রকাশ।
৫. ডিজিটাল হাজিরা চালুকরণ।
৬. বিবিধ।

(প্রফেসর এ. কে. এম. মুনিরুল ইসলাম)
সচিব
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল এবং
সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতারক্রম অনুযায়ী নয়)

০১. জনাব মোহাম্মদ আবদুল আলীম উপপরিচালক, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা-১০০০;

০২. চেয়ারম্যানের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), বিএসি, ঢাকা-১০০০;

০৩. অফিস কপি/কাউন্সিলের ওয়েবসাইট ।


জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কার্যক্রম [১.১] এর আওতায় নৈতিকতা কমিটির ১ম সভার উপস্থিতি:

সভাপতি : প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ, চেয়ারম্যান, বিএসি

স্থান : কাউন্সিলের সভা কক্ষ

তারিখ : ১৯.০৭.২০২৩

সময় : বিকাল ৩.০০ ঘটিকা

| ক্র. নং | নাম (জেষ্ঠতার ভিত্তিতে নয়) | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | প্রফেসর এ. কে. এম. মুনিরুল ইসলাম | সচিব, বিএসি |  |
| ২. | মোহাম্মদ আবদুল আলীম | উপপরিচালক, বিএসি |  |

স্মারক: বিএসি/প্রশাসন/ জা:শু:কৌ:কর্মপরিকল্পনা/২০২২/ তারিখ : ১২ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ
১৯ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ, চেয়ারম্যান, বিএসি
স্থান : কাউন্সিলের সভা কক্ষ
তারিখ : ১৯.০৭.২০২৩
সময় : বিকাল ৩.০০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং কমিটির সদস্য সচিব-কে সভার আলোচ্যসূচি উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুরোধক্রমে কাউন্সিলের সচিব এবং জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা প্রফেসর এ. কে. এম. মুনিরুল ইসলাম বলেন জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা কমিটির সদস্যগণ হয়ে থাকেন কাউন্সিলের পূর্ণ কালীন সদস্যগণ। কিন্তু কাউন্সিলের পূর্ণকালীন সদস্য পদসমূহ বর্তমানে শূন্য রয়েছে এবং কখন তারা নিয়োগপ্রাপ্ত হবেন এই মুহূর্তে বলাও যাচ্ছে না। তাই বর্তমানে যারা কর্মরর্ত রয়েছেন তাদের নিয়ে প্রয়োজনীয় সকল কাজ সম্পাদন করতে হবে। কাউন্সিলের সচিব সভায় ধারাবাহিকভাবে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | অংশীজনদের নিয়ে অনুষ্ঠিতব্য কাউন্সিলের শুদ্ধাচার সংক্রান্ত ১ম সভার সম্ভাব্য তারিখ নির্ধারণ; | কাউন্সিল সচিব সভায় অবহিত করেন যে জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল ২০২৩-২৪ অনুযায়ী প্রতি ত্রৈমাসে ১টি করে অংশীজনদের সাথে শুদ্ধাচার সংক্রান্ত সভা করার বাধ্য - বাধকতা রয়েছে, তারই ধারাবাহিকতায় চলতি ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে ১টি সভা করা যেতে পারে বলে সভায় মত প্রকাশ করা হয়। | কাউন্সিলের অংশীজনদের নিয়ে শুদ্ধাচার সংক্রান্ত ১ম সভা আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে অনুষ্ঠিত হবে। | কাউন্সিল ও প্রশাসন বিভাগ। |
| ২. | ২০২৩-২৪ অর্থ বছরের APA এর আলোকে ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও কাউন্সিলের ওয়েব সাইটে প্রকাশ। | ২০২৩-২৪ অর্থ বছরের APA এর আলোকে ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও কাউন্সিলের ওয়েব সাইটে প্রকাশ করার লক্ষে অর্থ ও পরিকল্পনা শাখাকে দায়িত্ব দেওয়ার বিষয়ে আলোচনা হয়। এক্ষেত্রে বাজেট, অর্থ ছাড়ের প্রক্রিয়া ও ক্রয়নীতি মালা ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। | ৩১ জুলাই ২০২৩ তারিখের মধ্যে ক্রয়পরিকল্পনা প্রণয়ন পূর্বক ওয়েব সাইটে আপলোড করতে হবে। | অর্থ পরিকল্পনা ও আইসিটি শাখা। |
| ৩. | সরকারি যানবাহন ব্যবহারের ক্ষেত্রে সরকারি নীতিমালা যথাযথ অনুসরণে পদক্ষেপ গ্রহণ । | কাউন্সিলে বর্তমানে একটি ভাড়া মাইক্রোবাসসহ মোট ২ টি মাইক্রোবাসে কাউন্সিলের কর্মকর্তা- কর্মচারীদের যাতায়াতের নিমিত্ত আলাদা ২টি রুটে ভাগ করে অফিস আদেশ জারি করা হয়েছে। উল্লেখ্য, চেয়ারম্যান, সদস্য এবং ব্যবহারকারী কর্মকর্তাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ শাখার ১৭/০৪/২০২২ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১১৫.২৬.০১০.১২-২৯২ (১৩৫) সংখ্যক আদেশ অনুসরণে যানবাহন ব্যবহার বাবদ নির্ধারিত | যানবাহন ব্যবহার ও জ্বালানী ব্যবহারে সরকারের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে। এ বিষয়ে একটি ৩০ সেপ্টেম্বর অফিস আদেশ জারি করা হবে। | কাউন্সিল ও প্রশাসন বিভাগ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হারে অর্থ কর্তন করা হয়। এছাড়া যানবাহনে তেলের ব্যবহার সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। | | |
| ৪ | সকল কর্মকর্তা ও কর্মচারীদের চার্টার অফ ডিউটি হালনাগাদ করে কাউন্সিলের ওয়েব সাইটে প্রকাশ। | সকল কর্মকর্তা ও কর্মচারীদের চার্টার অফ ডিউটি হালনাগাদ করে কাউন্সিলের ওয়েব সাইটে প্রকাশ করার বিষয়ে আলোচনা হয়। | ৩০ সেপ্টেম্বর ২০২৩ এর মধ্যে হালনাগাদ পূর্বক ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। | কাউন্সিল ও প্রশাসন বিভাগ। |
| ৫ | ডিজিটাল হাজিরা চালুকরণ। | কাউন্সিলের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার লক্ষে ডিজিটাল হাজিরা চালুকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | ৩০ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে ডিভাইস স্থাপন পূর্বক অফিস আদেশ জারির সিদ্ধান্ত গৃহীত হয়। | কাউন্সিল ও প্রশাসন বিভাগ। |
| ৬ | বিবিধ | কাউন্সিলের কর্মচারী ও কর্মকর্তাদের মধ্যে যারা নতুন নিয়োগ পেয়েছে তাদেরকে নিজ নিজ দায়িত্ব সম্পর্কে সচেতন করা ও অভ্যন্তরীণ প্রশিক্ষণের ব্যবস্থাগ্রহণের জন্য আলোচনা হয়। | নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হলে সবাইকে নিয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। | কাউন্সিল ও প্রশাসন বিভাগ। |

সভায় আর আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

(প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ)
চেয়ারম্যান
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল